

পত্র নং-৫৮.০৭.৫৮০০.১৬০.০৪.০০৩.২০২৪- ৩৬৮(৭)

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩০
০৪ মার্চ ২০২৪

“নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা ইচ্ছুক প্রকৃত গাছ ব্যবসায়ী/ঠিকাদার/সাধারণ ব্যবসায়ী ও সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলা কারাগারের ৫২(বায়ান্ন) টি গাছ প্রকাশ্যে নিলাম ডাকে বিক্রয় করা হবে। সে মোতাবেক আগামী ১১/০৩/২০২৪ তারিখ সকাল ১০.৩০ ঘটিকা হতে দুপুর ১১.৩০ ঘটিকা পর্যন্ত জামানতের টাকা গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ১২.০০ ঘটিকার সময় কারা প্রাঙ্গনে প্রকাশ্যে নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গকে ডাক আরম্ভ হওয়ার পূর্বে বিদ্যমান ৫২(বায়ান্ন) টি গাছ সরেজমিনে পরিদর্শন করতঃ নগদ ৫০০০/- টাকা (ফেরতযোগ্য) জামানত হিসেবে কর্তৃপক্ষের নিকট জমা দিয়ে নিলামে অংশগ্রহণ করতে হবে। কৃতকার্য নিলাম ডাককারীকে সর্বমোট মূল্যের উপর বিধি মোতাবেক ভ্যাট ও উৎসকর প্রদান করতে হবে। গাছের গৃহীত নিলামের সমুদয় মূল্য পরিশোধ করে নিজ খরচে ০৭ (সাত) দিনের মধ্যে গাছগুলি কর্তন পূর্বক বৈদ্যুতিক তার, পিলার, বাসা, বেড়া ও অন্যান্য বৃক্ষের কোনরূপ ক্ষতিসাধন ব্যাতিরেকে নিজ খরচে পরিবহন করে নিতে হবে। এ বিষয়ে আরও কিছু জানার প্রয়োজন থাকলে নিলামের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে কারা কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার জন্য বলা হলো।

সর্বোচ্চ ডাক প্রদানকারীর ডাক অথবা যে কোন ডাক গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মো: মাজবুর রহমান মজুমদার)
বিজে-০২৬৮৯৯০০২০৩

জেলা সুপার
মৌলভীবাজার জেলা কারাগার

০২৯৯৬৬৮৩৩৯৩ (দপ্তর)
০৪/৩/২৪ ০৪.০৩.২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

- ০১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ করা হল)।
- ০২। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, মৌলভীবাজার (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ করা হল)।
- ০৩। বিভাগীয় বন কর্মকর্তা, মৌলভীবাজার বন বিভাগ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ করা হল)।
- ০৪। মেয়র, মৌলভীবাজার পৌরসভা (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য অনুরোধ করা হল)।
- ০৫। জেলা সুপারের কার্যালয়, মৌলভীবাজার জেলা কারাগার নোটিশ বোর্ড।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

- ০১। কারা মহাপরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।
- ০২। কারা উপ মহাপরিদর্শক, সিলেট বিভাগ, সিলেট।